



বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৮-১১-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির আওতাধীন 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১' সম্পর্কিত উপ-কমিটির প্রথম (১ম) সভা অদ্য ২৮-১১-২০২০ তারিখ শনিবার সকাল ১১.৩০ ঘটিকায় ভিডিও কনফারেন্স এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান জনাব আব্দুস সালাম মুর্শেদী, এমপি।

সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ১। আসন্ন 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১' উপলক্ষ্যে প্রথম রেজিস্ট্রেশন উইন্ডো আগামী ০৭ ডিসেম্বর ২০২০ তারিখ হতে ০৭ জানুয়ারী ২০২১ তারিখ পর্যন্ত খেলোয়াড় দলবদল অনুষ্ঠিত হবে।
- ২। আগামী ফেব্রুয়ারী ২০২১ এর প্রথম সপ্তাহ হতে 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ' ২০২০-২১ মৌসুমের খেলা শুরু হবে।
- ৩। 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১' এ অংশগ্রহণকারী দলসমূহের অ-১৮ ফুটবল দলের অংশগ্রহণে প্রথম বারের মত একটি টুর্নামেন্ট আয়োজন করা হবে। উক্ত টুর্নামেন্টটি 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১' এর খেলা শেষ হওয়ার পর আয়োজন করা হবে।
- ৪। 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১' এ পয়েন্ট টেবিলে শীর্ষ স্থানীয় ১ (এক) টি দল ক্লাব লাইসেন্সিং শর্তাদী পূরণ করতঃ 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২১-২২' এর খেলায় অংশগ্রহণ করবে। 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১' এ পয়েন্ট টেবিলে সর্বনিম্ন পয়েন্ট অর্জনকারী ২ (দুই) টি দল অবনমীত হবে। এছাড়াও 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এ পয়েন্ট টেবিলে সর্বনিম্ন পয়েন্ট অর্জনকারী ২ (দুই) টি দল ক্লাব লাইসেন্সিং শর্তাদী পূরণ সাপেক্ষে 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২১-২২' এ অংশগ্রহণ করবে।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।